

## যায়যায়দিন

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগের উদ্যোগ

বরিশাল অফিস

বরিশালে বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগের উদ্যোগ নিয়েছে সরকার। সম্রতি একদা সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু উদ্যোগ আরো একধাপ এগিয়ে গেছে। চলতি বছর থেকেই এর শিক্ষা কার্যক্রম শুরু হওয়ার কথা।

সম্রতি শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) ও পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের চ্যান্সেলর, জাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর এবং ট্রেজারার নিয়োগ সংক্রান্ত সার্চ কমিটির সদস্য সচিব সংবাদপত্রে এক বিজ্ঞপনের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দিয়েছেন। প্রত্যেক পদে ১০ বছরের অভিজ্ঞতাসহ কোনো বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকরাই এ পদে দরখাস্ত করতে পারবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

এনিকে বরিশাল জিলা স্কুল অ্যান্ড কলেজের একটি উইয়ের ১৬টি কক্ষ ভাড়া নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস গড়ে তোলা হয়েছে। তবে স্থায়ী ক্যাম্পাসের জন্য নগরীর উপকণ্ঠে বরিশাল-ঢাকা মহাসড়কের

গড়িয়ার পাড়ে ৪০ একর জমি অধিগ্রহণের ব্যবস্থা করা হচ্ছে। তবে নগরবাসীর দাবি, শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য ব্যস্ততম মহাসড়কের কাছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস গড়ে না তুলে নগরীর ডেফুলিয়া পূর্বে অধিগ্রহণ করা জমিতে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করা হোক। আবার নতুন এ পাবলিক বিশ্ববিদ্যালয়ের নামকরণ নিয়েও জুনিয়রের মাঝে মিশ্র প্রতিক্রিয়া রয়েছে। সর্বশেষ সূত্রে জানা গেছে, শহীদ জিয়াউর রহমান বিশ্ববিদ্যালয় নামে বিশ্ববিদ্যালয়টির ডিক্লারেশন জারি করা হয়েছে। ফলে শহীদ জিয়াউর রহমানের নামেই বিশ্ববিদ্যালয়টির নামকরণ করা হচ্ছে। কিন্তু জুনিয়রের দাবি, বরিশালের কোনো বিখ্যাত ব্যক্তির নামে বিশ্ববিদ্যালয়ের নামকরণ করা হোক। ২৯ বছর পর বরিশালে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হলে গোটা দক্ষিণাঞ্চলের শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষানুরাগীদের মধ্যে ব্যাপক আনন্দ-উজ্জ্বল সৃষ্টি হয়েছে।

১৯৭৯ সালের ২৩ নভেম্বর বরিশালে তৎকালীন মন্ত্রিসভার বৈঠকে বরিশালে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেয়া হয়। সেই অনুমোদনের ২৯ বছর পর শুরু হলো স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের যাত্রা।